পুলিন দেববর্মা স্মৃতি নিখিল ত্রিপুরা সঙ্গীত প্রতিযোগিতা - ২০২৬

আয়োজক : শচীন দেববর্মণ স্মৃতি সরকারী সঙ্গীত মহাবিদ্যালয়, উচ্চশিক্ষাদপ্তর, ত্রিপুরা সরকার

ত্রিপুরা রাজ্য সরকারের উচ্চশিক্ষা দপ্তরের আর্থিক সহায়তায় শচীন দেববর্মণ স্মৃতি সরকারী সঙ্গীত মহাবিদ্যালয়ের উদ্যোগে আগামী ০৫-০৭ ডিসেম্বর ২০২৬ অনুষ্ঠিত হতে চলেছে তিন দিনব্যাপী অষ্টাদশ পুলিন দেববর্মা স্মৃতি নিখিল ত্রিপুরা সঙ্গীত সমারোহ। উক্ত অনুষ্ঠানের একটি গুরুত্বপূর্ণ অঙ্গ হল রাজ্যব্যাপী সঙ্গীত প্রতিযোগিতা। এই প্রতিযোগিতাটি বিগত বছরের মতো এবারও কেন্দ্রীয়ভাবে আয়োজিত হবে। এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করবার জন্য ত্রিপুরা রাজ্যের সকল মহকুমা হতে প্রতিযোগী / প্রতিযোগিনীদের কাছ থেকে আবেদন পত্র আহ্বান করা হচ্ছে। প্রতিযোগিতা সংক্রান্ত জ্ঞাতব্য বিষয়গুলি নিম্নে প্রদান করা হল :

১) **প্রতিযোগিতার তারিখ : ০৬/১২/২০২৬, সময় - ক বিভাগ - সকাল ৯ ঘটিকা, খ বিভাগ - দুপুর ১২ঘটিকা**
স্থান- শচীন দেববর্মণ স্মৃতি সরকারী সঙ্গীত মহাবিদ্যালয়, লিচুবাগান, আগরতলা

২) **প্রতিযোগিতার বিভাগ:** প্রতিযোগিতাটি দু টি বিভাগে সম্পন্ন হবে
ক -বিভাগ: বয়স ০৯ থেকে ১৪ বছর, সময় অনধিক ৬ মিনিট
খ - বিভাগ বয়স ১৫ থেকে ২২ বছর, সময় অনধিক ৮ মিনিট

৩) **প্রতিযোগিতার বিষয়সমূহ -**

(ক) **কণ্ঠসঙ্গীত (শাস্ত্রীয়)** : ক-বিভাগ : দ্রুত খেয়াল
খ-বিভাগ : বিলম্বিত ও দ্রুত খেয়াল

(খ) **যন্ত্রসঙ্গীত (শাস্ত্রীয়) - (সেতার / সরোদ/ বেহালা / বাঁশি / গিটার / হারমোনিয়াম**
ক-বিভাগ : মধ্য/দ্রুত গৎ
খ-বিভাগ : বিলম্বিত ও মধ্য/দ্রুত গৎ

গ) **তবলা (শাস্ত্রীয়)** : ক-বিভাগ : তাল নির্দেশ - ত্রিতাল
খ-বিভাগ : তাল নির্দেশ - ত্রিতাল / ঝাঁপতাল (যে কোন একটি)

ঘ) **রবীন্দ্রসঙ্গীত** - ক-বিভাগ : পূজা, প্রকৃতি বা স্বদেশ পর্যায়ের যে কোন একটি রবীন্দ্রসঙ্গীত
খ-বিভাগ : প্রেম , বিচিত্র বা অনুষ্ঠানিক পর্যায়ের যে কোন একটি রবীন্দ্রসঙ্গীত

ঙ) **লোকগীতি** - ক-বিভাগ : পরের জায়গা পরের জমি, তোমার ঘরে বসত করে, আগে কি সুন্দর দিন কাটাইতাম
খ- বিভাগ : আমায় ডুবাইলি রে আমায় ভাসাইলি রে, লোকে বলে বলে রে, বাউলা কে বানাইলো রে

চ) **নজরুল সঙ্গীত** - ক-বিভাগ : হে পার্থসারথি বাজাও বাজাও, রুম ঝুম ঝুম ঝুম রুম ঝুম ঝুম, মোর ঘুম ঘোরে এলে মনোহর (যে কোন একটি)
খ-বিভাগ : খেলিছ এ বিশ্বলয়ে, মনে পড়ে আজ সে কোন জনমে, আজো কাঁদে কাননে (যে কোন একটি)

ছ) **নজরুল নৃত্য** - ক-বিভাগ : রাঙা মাটির পথে লো, আমি যার নুপুরের ছন্দে, নাচে নটরাজ মহাকাল
খ-বিভাগ : আমার আপনার চেয়ে আপন যে জন, আকাশে আজ ছড়িয়ে দিলাম, নিশি নিঝুম ঘুম নাহি আসে

জ) **রবীন্দ্র নৃত্য** - ক-বিভাগ : মন মোর মেঘের সঙ্গী, গ্রাম ছাড়া ওই রাঙা মাটির পথ, নীল দিগন্তে
খ-বিভাগ : বঁধূ কোন আলো লাগলো চোখে, যে ছিল আমার স্বপনচারিণী, তোমার খোলা হাওয়া

ঝ) **শাস্ত্রীয় নৃত্য** - ক-বিভাগ : ভরতনাট্যম / কত্থক / মণিপুরি / কুচিপুড়ী / ওডিসি
খ-বিভাগ : ভরতনাট্যম / কত্থক / মণিপুরি / কুচিপুড়ী / ওডিসী

ঞ) **শচীন কর্তার গান** ক-বিভাগ : আমি টাকডুম টাকডুম বাজাই, বর্ণে গন্ধে ছন্দে গীতিতে, ঘাটে লাগাইয়া ডিঙা।
খ-বিভাগ : তুমি এসেছিলে পরশু, শোনো গো দখিন হাওয়া, বাজে না বাঁশি গো।

উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক প্রতিযোগী / প্রতিযোগিনীগণ শচীন দেববর্মণ স্মৃতি সরকারী সঙ্গীত মহাবিদ্যালয়ের অফিসকক্ষে এসে আবেদনপত্র সংগ্রহ ও জমা করতে পারবেন অথবা কলেজের ওয়েবসাইট www.sdmgovtmusiccollege.in থেকে সরাসরি অনলাইনে আবেদনপত্র ডাউনলোড করে নিম্নলিখিত ই-মেইলে আবেদনপত্র পূরণ করে পাঠাতে পারবেন ।(email address-swcsdbmgmc2024@gmail.com)

আবেদনপত্র সংগ্রহ ও জমা দেবার তারিখ - **১৬/১১/২০২৬ থেকে ৩০/১১/২০২৬ বিকাল ৩টা পর্যন্ত ।**

বি.দ্র .ক). প্রতিযোগিতার সময় সকল প্রতিযোগীদের স্থায়ী ঠিকানা ও বয়সের প্রমাণপত্র (অরিজিনাল) নিয়ে আসতে হবে ।

খ). লোকসঙ্গীত শিল্পীগণ তিন জনের বেশি সহযোগী শিল্পীর সহায়তা নিতে পারবেন না ।

গ). একজন প্রতিযোগী সর্বমোট দুইটি বিষয়ে প্রতিযোগিতা করতে পারবেন। ভিন্ন বিষয়ের জন্য পৃথক পৃথক আবেদনপত্র পূরণ করতে হবে ।